Tender-04 (04-06) 8X3 Jainal-OK-Uzzal+Raju

# সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি

বাগেরহাট শাখা, বাগেরহাট

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার মোতাবেক

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি., বাগেরহাট শাখা, বাগেরহাট এর বিনিয়োগ গ্রহীতা মেসার্স ভাই ভাই মৎস্য প্রজেক্ট, প্রোপ্রাইটর- মোঃ পলাশ মল্লিক, পিতা-মোঃ খালেক মল্লিক, মাতা-মজিদা বেগম, ব্যবসায়িক ঠিকানা ঃ গ্রামঃ অর্জুনবহর, ডাকঘর-অর্জুনবহর, থানা ও জেলা- বাগেরহাট। বর্তমান ও স্থায়ী ঠিকানা ঃ গ্রামঃ হরগাতী, ডাকঘর- হেড়মা বাজার, থানা-মোড়লগঞ্জ, জেলা-বাগেরহাট। তার নিকট হইতে বিনিয়োগ হিসাবে ১৭.০৫.২০২৬ ইং তারিখ পর্যন্ত ৮৭,২৫,৬৭৯.৭৫ (সাত লক্ষ পঁচিশ হাজার ছয়শত উনাশি টাকা পঁচাত্তর পয়সা) মাত্র এবং আদায় কাল পর্যন্ত মুনাফা ও অনান্য খরচ অদায়ের নিমিত্তে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

**শর্তাবলী**

১. আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া সিলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে "সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র" লিখিয়া আগামী ০৭/০৭/২০২৬ ইং তারিখ অপরাহ্ণ ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি বাগেরহাট শাখা, শালতলা, বাগেরহাট সদর, বাগেরহাট রক্ষিত দরপত্র বাক্সে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবেএবং ঐদিনই অপরাহ্ণ ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যেকোন তফসিলি ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি বাগেরহাট শাখা, বাগেরহাটএর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফ্‌ট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৪. অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. উপরোক্ত অনুচ্ছেদ-৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবেএবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আহ্বানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।

৬. দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও ভ্যাট অন্যান্য শুল্ক খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।

৭. এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবেএকত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করতে হবে।

৮. কম জামানত সমেত/ জামানতবিহীন/ত্রুটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৯. অসফল দরদাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।

১০. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।

১১. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবেঅপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবেনা এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবেএবং অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভবঅনুসরণীয় হইবে।

১২. দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

**সম্পত্তির তফসিল**

| তফশীল নং | জেলা ও থানা | মৌজা ও জে, এল নং | এস. এ. খতিয়ান নং | এস. এ দাগ নং | দাগে মোট জমি | তন্মধ্য হইতে তফশীল জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাগেরহাট | চক গুপ্তিদিয়া, জে, এল নং-১৪৮ | ১৩ | ৫২, ৩৩, ৬২, ৯৪, ১০০, ১, ২৩, ২৬, ১০৭, ২৪, ৫, ৯, ১০, ৯০, ৯১, ৯৩, ৯৬, ৯৭, ১০৩, ৭৭, ৬৭, ৬৪, ৬৫, ৮ | ১০.৯৮ | ১.৩২ একর। |
| ২. | বাগেরহাট | চক গুপ্তিদিয়া, জে, এল নং-১৪৮ | ১২ | ১৮, ৪৭, ৪৬, ৪৫, ৪৪, ১৭ | ৩.৩৭ | .৭৯ একর। |
| ৩. | বাগেরহাট | চক গুপ্তিদিয়া, জে, এল নং-১৪৮ | ১০ | ৫২,৩৩, ৬২, ৯৪, ১০০, ১, ২৩, ২৬, ১০৭, ২৪, ২০, ৪৩, ৬৯, ৮৫, ৬০, ২, ১৩, ৭০, ৮৪ | ৭.৮২ | .০৪ একর। |
| একুনে ১, ২ ও ৩নং তফশীলে সর্বমোট (১.৩২+.৭৯+.০৪) = | | | | | | ২.১৫ একর। |

সর্বমোট ঃ ২.১৫ একর জমি এবং ১, ২ ও ৩নং তফশীলের চৌহদ্দি ঃ উত্তরে-মিঃ শামীম শিকদার, দক্ষিণে-মিঃ রহমান এর জমি, পূর্বে-রাস্তা, পশ্চিমে- দড়াটানা নদী।

সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি,
শালতলা, বাগেরহাট সদর, বাগেরহাট শাখার পক্ষে
শাখা ব্যবস্থাপক
মোবাইল: ০১৭১৩-১৩৯০৮৮